হলিধানী দোকান মালিক সমিতির নির্বাচন উপলক্ষে প্রস্তুতি সভা

ঝিনাইদহ সদরের ঐতিহ্যবাহী হলিধানী বাজারের দোকান মালিক সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১২টার দিকে ইউনিয়ন ভূমি অফিসের সামনে এই সভা অনুষ্ঠিত হয়।

বিশিষ্ট কাপড় ব্যবসায়ী আবু বকর এর সভাপতিত্বে এবং উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক হারুনর রশীদের এর পরিচালনায় এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের সাবেক সদস্য আশরাফুল ইসলাম মাস্টার, বিশিষ্ট মুদি ব্যবসায়ী আব্দুল হান্নান, আড়ত ব্যবসায়ী জাহাঙ্গীর আলম, কাপড় ব্যবসায়ী হাজী আব্দুল ওহাব, হোটেল ব্যবসায়ী মোঃ শরিফুল আলম এবং ওষুধ ব্যবসায়ী সুবাশ কুমার মিত্র প্রমূখ।

স্থানীয় দোকান মালিকদের নিকট থেকে জানা যায়, বেশকিছুদিন আগেই কমিটির মেয়াদ উর্ত্তীণ হলেও দীর্ঘ করোনা কালীন সময়ে নির্বাচন করা সম্ভব হয়নি। খুব দ্রুতই উপদেষ্টা পরিষদের নিকট এই নির্বাচন সম্পন্ন করা দাবি জানান তারা।

সভায় বক্তারা বলেন নির্বাচিত ইউপি চেয়ারম্যানের হস্তক্ষেপে বিশেষ একটি মহল এই দোকান মালিক সমিতি ভাঙাগড়ার চেষ্টা করছে। যে কোন মূল্যে তা প্রতিহত করে প্রকৃত দোকান মালিক সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে এই কমিটি গঠন করতে চায়।

সভায় দোকান মালিক সমিতির গঠনতন্ত্র মোতাবেক স্থানীয় চার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উপদেষ্ঠা এবং প্রবীণ ১০জন ব্যবসায়ীকে সদস্য করে একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।

এবিষয়ে ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ্যাড. এনামুল হক নিলু বলেন, আমারা হলিধানী বাজার ব্যবস্থাপনা কমিটি গঠন করেছি। আমি পদাধীকার বলে সভাপতি এবং সকলের সম্মতিক্রমে সাবেক ইউপি সদস্য আলমগীর হোসেন কে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

তিনি আরও বলেন দোকান মালিক সমিতি আমি গঠন করিনি। দোকান মালিক সমিতির নির্বাচনের প্রস্তুতি মিটিং সম্পর্কে তিনি জানেন না বলে জানান।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস পালিত

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মাদক সেবন রোধ করি, সুস্থ্য সুন্দর জীবন গড়ি এই স্লোগান কে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুরক্ষা সেবা বিভাগের সহযোগিতায় মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা অনুষ্ঠিত হয়।

রবিবার সকাল সাড়ে দশটার সময় জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে থেকে এক বর্ণাঢ্য র্যালি ডাক বাংলো ঘুরে পুনরায় একই স্থানে এসে শেষ হয়।

র্যালি শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, মাদক আমাদের সমাজের একটি বড় অভিশাপ, মাদক সেবনের কারনে আমাদের সমাজে নানাবিধ সমস্যায় পড়তে হচ্ছে। ভবিষ্যৎ প্রজন্মকে মাদকের মরণ ছোবল থেকে রক্ষা করতে হলে আমাদের

প্রত্যোকের নিজ নিজ অবস্থান থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।এ সময় তিনি মাদক সেবনের ভয়াবহ দিক গুলো তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বিপিএম সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরীন,চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল শাহ্ ইশতিয়াক,চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাৎ হোসেন, চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যালয়ের এডি শরীয়ত উল্লাহ, চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহাব্বুর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীবৃন্দ।

ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের শিক্ষার্থীদের বিক্ষোভ

ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রি প্রদানসহ ৭দফা দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ শিক্ষার্থীরা।

রোববার সকাল ৮টা থেকে কলেজের প্রধান ফটকের সামনে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। এই অবস্থায় ভোগান্তি নিয়ে পায়ে হেটে যাত্রীরা যাতায়াত করতে বাধ্য হচ্ছে ।

শিক্ষার্থীদের দাবী আদায় সংগ্রাম পরিষদের সাধারণ সম্পাদক মোঃ সজিবুল হাসান জানান, ভর্তি বিজ্ঞপ্তিতে ডিভিএম ডিগ্রি দেওয়ার কথা থাকলেও কলেজ কর্তৃপক্ষ বিএসসি ভেট সাইন্স এন্ড এএইচএস ডিগ্রি প্রদান করার চেষ্টা করছে। তাতে শিক্ষার্থীদের আগামীতে চাকুরির ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখীন হতে হবে। তাই তারা ডিভিএম ডিগ্রির দাবি জানিয়েছেন।

এর আগে মানববন্ধন, সড়ক অবরোধ, খুলনা প্রাণী সম্পদের বিভাগের কর্মকর্তাকে অবরুদ্ধ করার পরও তাদের এই দাবী মানা হয়নি। যে কারনে

আবারো তারা নতুন করে সড়ক অবরোধ করতে বাধ্য হয়েছে।

ছাত্র নেতারা আরো জানান প্রাণি সম্পদ মন্ত্রণালয় কলেজটিকে একটি বিশ্ববিদ্যালয়ের নিকট সম্পুর্ণভাবে ন্যাস্ত করলে এই সমস্যার সমাধান হয়ে যাবে । কিন্তু তারা দীর্ঘ দিন এই দাবীতে আন্দলোন সংগ্রাম করে চললেও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তপক্ষ কোন পদক্ষেপ নিচ্ছে না। এছাড়া তারা ভর্তি পরীক্ষা নিজ ক্যাম্পাসে অনুষ্ঠিত, অতিরিক্ত ভর্তিফি কমানো , শিক্ষক সংকটের সমাধান, পর্যাপ্ত বাজেট বরাদ্ধ ও আধুনিক যন্ত্রপাতি সরবরাহসহ ৭ দফা দাবি তুলে ধরেণ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহম্মদ সোহেল রানা জানান সকাল থেকে রাস্তা অবরোধ থাকায় তিনি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন এর সাথে ঘটনাস্থলে যান। সেখানে শিক্ষার্থীরা দাবী করেন জেলা প্রশাসক ঘটনাস্থলে এসে তাদের দাবী আদায়ে কার্যকর আশ্বাস না দেয়া পর্যন্ত তারা সড়ক অবরোধ চালিয়ে যাবে। এই অবস্থায় তারা শিক্ষার্থীদের অবরোধ থেকে নিবৃত করাতে পারেননি।

এ বিষয়ে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের অধ্যক্ষ ড. আতাউর রহমান ভুইয়া জানান এই কলেজটি প্রথমে চট্রগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত ছিল পরে এটি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বর্তমানে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আওতায় রয়েছে। তিনি আরো বলেন কলেজের শিক্ষা কার্যক্রম পরিচালনা করে বিশ্ববিদ্যালয়। অন্যদিকে এর বাজেট, অধ্যক্ষ, শিক্ষকগণ রয়েছেন প্রাণি সম্পদ মন্ত্রানালয়ের আওতায়। ফলে দুই মন্ত্রণালয়ের সমন্বয়হীনতার কারনে শিক্ষার্থীদের দাবী বাস্তবায়ন হচ্ছেনা।

জেলা প্রশাসক মনিরা বেগম জানান বিষয়টি জেলা প্রশাসনের আওতাভুক্ত নয় । সে কারনে তিনি শিক্ষার্থীদের কোন আশ্বাস দিতে অপারগ বিধায় তিনি বিষয়টি প্রাণী সম্পদ মন্ত্রণালয়ে মৌখিক ভাবে অবহিত করেছেন।

মেহেরপুর অনিরাপদ ও মানসম্পন্নহীন বিভিন্ন শিশু খাদ্য জব্দ, পুড়িয়ে ধ্বংস

মেহেরপুরে অনিরাপদ ও মানসম্পন্নহীন বিভিন্ন শিশু খাদ্য জব্দ করে জনসম্মুখে ধ্বংস করেছে মেহেরপুর স্যানেটারী ইন্সপেক্টর।

মেহেরপুর সদর থানা স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর-মুজিবনগর সড়কের বন্দর পিটিআই মোড়ে মেসার্স জনপ্রিয় ষ্টোরের একটি বিক্রয় ভ্যানে তল্লাশী চালিয়ে বিভিন্ন ধরনের অনিরাপদ ও মানসম্পন্নহীন শিশু খাদ্য জব্দ করেন। পরে সেগুলো নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী জন সম্মুখেই পুড়িয়ে ধ্বংস করা হয়েছে।

স্যানেটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম জানান, মেসার্স জনপ্রিয় ষ্টোরের একটি বিক্রয় ভ্যানে তল্লাশী চালিয়ে বিভিন্ন শিশু খাদ্য জব্দ করা হয়।

তবে, জনপ্রিয় ষ্টোরের মালিক মোঃ আসাদ আলী জানান, আমরা নতুন ব্যবসায়ী, খাদ্যের ভালোমন্দ সম্পর্কে এখনো ধারনা হয়নি। ভবিষ্যৎ তে এরুপ আর হবেনা মর্মে মতামত প্রকাশ করেন।

মেহেরপুরে পারিবারিক কলহের জেরে কিশোরের আত্মহত্যার চেষ্টা

পারিবারিক কলহের জের ধরে জোবায়ের হোসেন (১৭) নামের এক কিশোর সিডিল সেবন করে আত্মহত্যার চেষ্টা করেছে।

জোবায়ের হোসেন পার্শ্ববর্তি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা

উপজেলার হরিরামপুর গ্রামের ওমর ফারুকের ছেলে।সে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার সীমান্ত গ্রামে এসে এক আত্মীয় বাড়িতে সিডিল সেবন করেন।

আজ রবিবার (২৬) দুপুরের দিকে পারিবারিক কলহের জের ধরে সে এক সাথে এক পাতা ঘুমের বড়ি সিডিল সেবন করে। সে অসুস্থ হয়ে পড়লে তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে পরিবারের লোকজন। পরে সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

মেহেরপুর হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স সবুজ আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে যৌন হয়রানীতে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তদন্ত শুরু

গাংনী উপজেলার সীমান্তবর্তি সহড়াতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্রীকে যৌন হয়রানীর অভিযোগে অভিযুক্ত শিক্ষক আফফান আলীর বিরুদ্ধে প্রাথমিক তদন্ত শুরু হয়েছে।

আজ রবিবার (২৬ জুন) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার ফয়সাল বিন হাসান সরেজমিনে প্রাথমিক তদন্ত কাজ শুরু করেছেন।

তদন্ত অফিসার ফয়সাল বিন হাসান বলেন, চতুর্থ শ্রেনীর এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠে বিদ্যালয়ের সহকারী শিক্ষক আফফান আলীর বিরুদ্ধে। ঘটনাটি উদ্ধর্তন কর্তৃপক্ষের কাছে পৌছালে তদন্ত করে প্রতিবেদন পঠানোর জন্য নির্দেশ দেন। বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী এবং স্থানীয় কিছু মানুষের সাথে কথা বলেছি। এছাড়া ভিকিটিম ও তার পিতার সাথে কথা বলে তদন্ত রিপোর্ট পাঠিয়ে দেবো।

উল্লেখ্য, সহড়াতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক

আফফান আলী একই বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর এক ছাত্রীকে প্রাইভেট পড়ানোর সময় যৌন হয়রানি করে। ওই ছাত্রীটি বাড়িতে গিয়ে তার বাবা মা কে জানালে ছাত্রীটির বাবা স্কুলে আসেন। এসময় শিক্ষক আফফান আলী পালিয়ে যায়। এ বিষয়টি নিয়ে এলাকায় এখন তোলপাড় শুরু হয়েছে।

দর্শনায় ২ হাজার পিস ট্যাপেন্ডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনায় নেশা জাতীয়দ্রব্য ২ হাজার পিস ট্যাপেন্ডল ট্যাবলেটসহ নাজমুল হোসেন (৩৪) কে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা বাসষ্ট্যান্ড এলাকায় হোটেল রান্না ঘরের সামনে অভিযান চালিয়ে নাজমুল হোসেনকে গ্রেফতার করা হয়। নাজমুল হোসেন জীবননগর উপজেলার গোয়ালপাড়ার শফিকুল ইসলামের ছেলে।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর এর নির্দেশে এসআই শামীম রেজা, এএসআই হাফিজ, এএসআই আলউদ্দিন সহ সঙ্গীয় ফোর্সসহ বাসস্ট্যান্ড সংলগ্ন রান্নাঘর হোটেল এন্ড সুইটস এর সামনে অভিযান চালিয়ে নাজমুল হোসেন কে গ্রেফতার করে। এসময় নাজমুলের দেহ ও তার সাথে থাকা ব্যাগ তল্লাশি করে ২ হাজার পিস ট্যাপেন্ডল ট্যাবলেট (100 mg) উদ্ধার করে ।

এই বিষয়ে তার বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করা হয়েছে। গতকাল শনিবারই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

[redacted]

[redacted]

[redacted]

[

গত শনিবার (২৫ জুন) ঢাকা থেকে তাদের দু’জনকে এনে মেহেরপুর সদর থানা পুলিশের হাতে তুলে দিয়েছি।

দর্শক মাতালেন জনপ্রিয় ব্যান্ড দল শিরোনামহীন এর সঙ্গীত শিল্পী তানযিদ তুহিন

গানে গানে দর্শক মাতালেন বাংলাদেশের জনপ্রিয় ব্যান্ড দল শিরোনামহীন এর সঙ্গীত শিল্পীরা। জনপ্রিয় ব্যান্ড তারকা শিল্পী তানযিদ তুহিন। সাথে ছিলেন মেহেরপুরের উদীয়মান ব্যান্ড শিল্পী তানিম মাহমুদ।

শনিবার রাত ৮ টার দিকে পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে সামসুজ্জোহা নগর উদ্যানে এই সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস,(শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকসহ বিপুল পরিমান দর্শক অনুষ্ঠানটি উপভোগ করেন।

অনুষ্ঠান শুরুর আগে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জুমের মাধ্যমে বক্তব্য রেখে সাংস্কৃতিক সন্ধ্যার শুভ উদ্বোধন করেন।

বর্ণিল আতশবাজির আলোর ঝলকানিতে আলোকিত মেহেরপুর শহর

বর্ণিল আতশবাজির আলোর ঝলকানিতে আলোকিত হয়ে উঠেছিল মেহেরপুরের গোটা শহর। শনিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় গৌরবের পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে আয়োজন করে বর্ণিল আতশবাজি।

মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে মনোমুগ্ধকর আতশবাজি ফোটানো হয়।

আতশবাজি অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস,(শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম।

এছাড়াও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকসহ বিপুল পরিমান দর্শক অনুষ্ঠানটি উপভোগ করেন। এসময় শহরের হাজার হাজার মানুষ এক সাথে এই বর্ণিল আয়োজনে শরীক হন।